দেবানান্দপুরে মতিলালের অর্থাভাব ক্রমশ তীব্র হওয়ায়, তিনি বাধ্য হয়ে স্বপরিবারে আবার ভাগলপুরের শ্বশুরবাড়িতে চলে যান। ভাগলপুরে এসে শরৎচন্দ্র আবার স্কুলে ভর্তি হবার জন্য প্রবল আগ্রহান্বিত হন। কিন্তু আগ্রহ থাকলে কী হবে, হুগলী ব্র্যাঞ্চ স্কুলের বকেয়া মাইনা মিটিয়ে ট্র্যান্সফার সার্টিফিকেট আনার টাকা কোথায় পাবেন? পরে সাহিত্যিক ও সাংবাদিক পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের চেষ্টায় শরৎচন্দ্র তেজনারায়ণ জুবিলি কলেজিয়েট স্কুলে ভর্তি হন। পাঁচকড়িবাবু তখন ভাগলপুরের তেজনারায়ণ জুবিলি কলেজিয়েট স্কুলে শিক্ষকতা করতেন। সেই স্কুল থেকেই ১৮৯৪ সালে শরৎচন্দ্র দ্বিতীয় বিভাগে এন্ট্রান্স পাশ করেন। পরীক্ষার আগে ফি এবং বাকী কয় মাসের মাইনার জন্য তাঁর ছোট মামা বিপ্রদাসকে স্থানীয় মহাজনের কাছে হ্যান্ডনোট লিখে টাকা ধার করতে হয়েছিল। এরপর তিনি দুটি টিউশনি করে কলেজে ভর্তির টাকা জোগাড় করেন। কলেজে পড়ার সময় টাকার অভাবে তিনি পাঠ্যবই কিনতে পারেননি। তাঁর সহপাঠীদের কাছ থেকে বই চেয়ে এনে রাত জেগে পড়ে, সকালেই সেই বই ফেরত দিয়ে আসতেন। কলেজে এভাবে দুই বছর পড়েও টেষ্ট পরীক্ষার পর এফ-এ পরীক্ষার ফি মাত্র কুড়ি টাকা দিতে না পারায়, তিনি আর সেই পরীক্ষা দিতেই পারেন নি। শরৎচন্দ্র তাঁদের সেই সময়কার দারুণ অভাবের কথা উল্লেখ করে পরে এক সময় লীলারাণী গঙ্গোপাধ্যায়কে চিঠিতে লিখেছিলেন, 'বড় দরিদ্র ছিলাম, ২০টি টাকার জন্য এগজামিন দিতে পাই নি। এমন দিন গেছে, যখন ভগবানকে জানাতাম, হে ভগবান আমার কিছুদিনের জন্য জ্বর করে দাও, তা হলে দুবেলা খাবার ভাবনা ভাবতে হবে না।'

শরৎচন্দ্র কলেজের পড়া ছেড়ে ভাগলপুরের আদমপুর ক্লাবে অভিনয় ও খেলাধুলা করে দিন কাটাতে লাগলেন। তিনি একজন ভাল অভিনেতা হলেও অভিনয় অপেক্ষা সংগীতের প্রতি তাঁর বেশী ঝোঁক ছিল। তাঁর কণ্ঠস্বর ছিল অতি মিষ্টি। তিনি যখন মামার বাড়িতে থাকতেন, সেই সময় প্রসিদ্ধ গায়ক ও লেখক সুরেন্দ্রনাথ মজুমদার শরৎচন্দ্রের মামার বাড়ির কাছেই থাকতেন। এই সুরেনবাবুর বাড়িতে প্রায়ই গান ও সাহিত্যের আসর বসত। সংগীত ও সাহিত্যের প্রতি শরৎচন্দ্র স্বাভাবিক আকর্ষণের বশে প্রায়ই সুরেনবাবুর বাড়িতে যেতেন । ওঁর কাছে শরৎচন্দ্র কিছুদিন তালিমও নিয়েছিলেন। এই সময়ই সুরেনবাবুর ভাই রাজেন্দ্রনাথের সঙ্গে তাঁর আলাপ হয়। ভাগলপুরের নির্ভীক, পরোপকারী, মহাপ্রাণ আদর্শ যুবক রাজেন মজুমদারের সঙ্গে মিশে শরৎচন্দ্র পরোপকারমূলক কাজের সঙ্গী হলেন। পরে 'শ্রীকান্ত' উপন্যাসে এই রাজেনকেই তিনি ইন্দ্রনাথরূপে চিত্রিত করে গেছেন। রাজেন বা রাজু খুব ভাল বাঁশি, হারমোনিয়াম, তবলা আর বেহালা বাজাতে পারত। শরৎচন্দ্র রাজুর কাছ থেকে সমস্ত যন্ত্র অল্প-বিস্তর বাজাতে শিখেছিলেন। রাজু যে কেবল যন্ত্র-সংগীতেই পারদর্শী ছিল তা নয়, নানা রকম দুঃসাহসিক কাজেও সে ছিল ওস্তাদ। রাজুর এই সব কাজে শরৎচন্দ্র ছিলেন তার একজন সঙ্গী এবং সহায়ক। বিভুতিভূষণ ভট্টের বাড়িতে তিনি নিজের একটা আস্তানাও করেছিলেন এবং সেখানে বসে দিন-রাত অজস্র গল্প-উপন্যাস পড়তেন ও লিখতেন। এই সময়েই তিনি মাতুল সুরেন্দ্রনাথ, গিরীন্দ্রনাথ, এঁদের বন্ধু যোগেশ চন্দ্র মজুমদার ও বিভুতিভুষন ভট্টকে নিয়ে একটা সাহিত্য সভা গঠন করেছিলেন। সাহিত্য সভায় 'ছায়া' নামে হাতে লেখা এক মুখপত্রও ছিল। তখনই শরৎচন্দ্র তাঁর বড়দিদি, দেবদাস, চন্দ্রনাথ, শুভদা ইত্যাদি উপন্যাস এবং অনুপমার প্রেম, আলো ও ছায়া, বোঝা, হরিচরণ ইত্যাদি গল্প রচনা করেছিলেন। তবে এগুলি তখনও প্রকাশ হয়নি।

অভাবের তাড়নায় শরৎচন্দ্রের বাবা এই সময় মাত্র ২৫০ টাকায় তাঁর দেবানন্দপুরের ঘরবাড়ি সব বিক্রি করে দেন এবং এর ওর কাছ থেকে চেয়েচিন্তে কোন রকমে সংসার চালাতেন। শরৎচন্দ্র এই সময় বনেলী রাজ এস্টেটে অল্প কিছুদিনের জন্যে একটা চাকরি করেন। কিন্তু হঠাৎ একদিন বাবার উপর অভিমান করে চাকরি ছেড়ে নিরুদ্দেশ হয়ে যান এবং সন্ন্যাসী হয়ে দেশে দেশে ঘুরে বেড়াতে থাকেন। এভাবে ঘুরতে ঘুরতে একদিন তিনি বাবার মৃত্যু সংবাদ পান এবং ভাগলপুরে ফিরে আসেন। কোনরকমে বাবার শ্রাদ্ধ সম্পন্ন করে

ছোটভাই দুটিকে আত্মীয়দের কাছে রেখে এবং ছোট বোনটিকে বাড়ির মালিক মহিলাটির কাছে রেখে ভাগ্য অন্বেষণে কলকাতায় চলে আসেন। (এর আগেই শরৎচন্দ্রের দিদি অনিলা দেবীর বিয়ে হয়ে গেছে।) কলকাতায় বিশেষ সুবিধা না হওয়ায়ে তিনি চাকরির সন্ধানে রেঙ্গুনে চলে যান। রেঙ্গুনে বেশীর ভাগ সময়ই থেকেছেন শহরের উপকণ্ঠে বোটাটং-পোজনডং অঞ্চলে। এখানে প্রধানত থাকত শহরের কল-কারখানার মিস্ত্রীরাই। শরৎচন্দ্র তাদের সঙ্গে অবাধে মেলেমেশা করতেন। তিনি তাদের চাকরির দরখাস্ত লিখে দিতেন, বিবাদ-বিসংবাদ মিটিয়ে দিতেন, অসুখে বিনামুল্যে হোমিওপ্যাথী চিকিৎসা করতেন, বিপদে আপদে সাহায্যও করতেন। সে কারণে তারা তাঁকে অত্যন্ত শ্রদ্ধা-ভক্তি করত এবং ডাকত 'দাদাঠাকুর' বলে। শরৎচন্দ্র এদের নিয়ে একটি সংকীর্তনের দলও গড়েছিলেন। এই মিস্ত্রী পল্লীতে থাকার সময় শরৎচন্দ্র শান্তি দেবীকে বিয়ে করেন। এঁদের একটি শিশুপুত্রও হয়। পুত্রের বয়স যখন এক বছর, সেই সময় রেঙ্গুনেই প্লেগে আক্রান্ত হয়ে তাঁর স্ত্রী এবং পুত্র উভয়েরই মৃত্যু হয়। স্ত্রী-পুত্রকে হারিয়ে তিনি খুব শোকাহত হয়ে পড়েন। এর কয়েক বছর পর রেঙ্গুনেই তিনি মোক্ষদা দেবীকে বিয়ে করেন। বিয়ের পর তিনি মোক্ষদা দেবীর নাম বদল করে নাম দেন হিরণ্ময়ী দেবী এবং সেই থেকে এই নামই প্রচলিত হয়। হিরণ্ময়ী দেবী যখন রেঙ্গুনের মিস্ত্রী পল্লীতে তাঁর বাবার কাছে থাকতেন সেই সময় শরৎচন্দ্রের সঙ্গে তাঁর বাবার বিশেষ পরিচয় হয়। এই বিশেষ পরিচয়ের জোরেই হিরণ্ময়ী দেবীর বাবা একদিন তাঁর মেয়েকে নিয়ে শরৎচন্দ্রের কাছে এসে তাঁকে বলেন, 'আমার মেয়ের বিয়ের বয়স হয়েছে। আপনি যদি অনুগ্রহপূর্বক আমার এই মেয়েটিকে গ্রহণ করে আমার দায়মুক্ত করেন তো বড় উপকার হয়। আর একান্তই যদি না নিতে চান তো আমাকে কিছু টাকা দিন, আমি মেয়েকে নিয়ে দেশে ফিরে যাই। দেশে গিয়ে মেয়ের বিয়ে দিই।' হিরন্ময়ী দেবীর বাবা শরৎচন্দ্রের কাছে টাকার কথা বললেও তিনি বিশেষ ভাবে শরৎচন্দ্রকে অনুরোধ করেন তিনিই যেন মেয়েটিকে গ্রহণ করেন। শরৎচন্দ্র প্রথমে অরাজী হলেও হিরন্ময়ী দেবীর বাবার একান্ত অনুরধে তিনি হিরন্ময়ী দেবীকে বিয়ে করেন । হিরন্ময়ী দেবী নিঃসন্তান ছিলেন। বিয়ের সময় পর্যন্ত তিনি লেখাপড়া জানতেন না। পরে শরৎচন্দ্র তাঁকে লিখতে ও পড়তে শিখিয়েছিলেন। হিরন্ময়ী দেবী ছিলেন শান্ত-স্বভাবা, সেবাপরায়ণা ও ধর্মশীলা। শরৎচন্দ্র তাঁকে নিয়ে জীবনের শেষদিন পর্যন্ত সুখে শান্তিতেই কাটিয়ে গেছেন।

১৯১২ সালে তিনি এক মাসের ছুটি নিয়ে দেশে ফিরে আসেন। তখন 'যমুনা'-সম্পাদক ফণীন্দ্রনাথ পালের সঙ্গে তাঁর আলাপ হয়। পরিচয় হলে ফণীবাবু শরৎচন্দ্রকে বিশেষভাবে অনুরোধ করেন তাঁর কাগজে লেখার জন্য। শরৎচন্দ্র রেঙ্গুনে গিয়ে লেখা পাঠিয়ে দেবেন বলে কথা দেন। সেই অনুযায়ী রেঙ্গুনে গিয়ে 'রামের সুমতি' গল্পটি পাঠিয়ে দেন। ফণীবাবু এই গল্প তাঁর কাগজে ডিসেম্বর মাসের সংখ্যায় প্রকাশ করেন। শরৎচন্দ্র এই একটি গল্প লিখেই একজন মহাশক্তিশালী লেখক হিসাবে সাহিত্যিক ও পাঠক মহলে পরিচিত হয়ে যান। ইতিমধ্যে ১৯০৭ সালে ভারতী পত্রিকায় 'বড়দিদি' প্রকাশিত হয়েছিল। বিভূতিভূষণ ভট্টর বন্ধু সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় ভাগলপুরে শরৎচন্দ্রের লেখার খাতা থেকে 'বড়দিদি' (শরৎচন্দ্রের প্রথম প্রকাশিত উপন্যাস) নকল করে এনেছিলেন এবং শরৎচন্দ্রকে না জানিয়েই তা ভারতী পত্রিকায় প্রকাশ করেন। 'রামের সুমতি' প্রকাশিত হওয়ার পর 'ভারতবর্ষ' ও 'সাহিত্য' প্রভৃতি পত্রিকাও শরৎচন্দ্রের কাছে লেখা চাইতে থাকে। এই সময় 'ভারতবর্ষ' পত্রিকার জন্যেই শরৎচন্দ্র বিশেষভাবে লিখতে থাকেন। এবং 'ভারতবর্ষ' পত্রিকার মালিক গুরুদাস চট্টোপাধ্যায় তাঁর বই প্রকাশ করতে শুরু করে দেন।

১৯১৬ সালে শরৎচন্দ্র হঠাৎ দুরারোগ্য পা ফোলা রোগে আক্রান্ত হন এবং স্থির করেন অফিসে এক বছরের ছুটি নিয়ে কলকাতায় কবিরাজী চিকিৎসা করাবেন। কিন্তু অফিসে ছুটি না দেওয়ায় তিনি চাকরিতে ইস্তফা দিয়ে পাকাপাকি ভাবে রেঙ্গুন ছেড়ে কলকাতায় চলে আসেন। কলকাতায় এসে তিনি প্রথমে হাওড়া শহরের বাজেশিবপুরে বাড়ি ভাড়া নেন। হাওড়ায় বিভিন্ন জায়গায় তিনি প্রায় দশ বছর থাকেন। এর পর সামতাবেড়ে জমি কিনে বাড়ি তৈরি করে ১৯২৬ সালে সেই বাড়িতে চলে আসেন। এর মধ্যে তাঁর মেজভাই প্রভাসচন্দ্র রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসী হয়েছিলেন। সন্ন্যাস জীবনে তাঁর নাম ছিল স্বামী বেদানন্দ। ছোটভাই প্রকাশচন্দ্রকে শরৎচন্দ্র নিজের কাছে রেখে তাঁর বিয়ে দিয়ে তাঁকে সংসারী করে দেন।

হাওড়া শহরের বাজেশিবপুরে থাকার সময়েই শরৎচন্দ্র তাঁর বহু গ্রন্থ রচনা করেন। এই সময়টাকেই তাঁর সাহিত্যিক জীবনের স্বর্ণযুগ বলা যেতে পারে। তবে সাহিত্য সাধনায় শরৎচন্দ্রের কুঁড়েমির শেষ ছিল না। লেখার ব্যাপারে শরৎচন্দ্র যে কতটা অলস ছিলেন, তা মাসিক কাগজের সম্পাদকরা মর্মে মর্মে অনুভব করতেন। কোনও কাগজের জন্যে লেখা পেতে হলে সম্পাদককে যে কতবার বৃথা তাঁর বাড়িতে যেতে হত তার সীমা ছিল না। সাধারণ কাগজের কথা তো দূরে থাক, যে 'ভারতবর্ষ'-এ প্রধানত তাঁর উপন্যাস ধারাবাহিক ভাবে বেরোত তার সম্পাদককে মাসে অন্তত পনেরো-কুড়ি দিন শরৎচন্দ্রের বাড়ি গিয়ে ধর্ণা দিয়ে পড়ে থাকতে হত।

শরৎচন্দ্রের একটা লেখা পাওয়ার জন্যে 'বিজলী' সম্পাদক নলিনীকান্ত সরকার সপ্তাহে অন্তত একদিন করেও একটানা দুই বছর হেঁটেছিলেন শরৎচন্দ্রের বাড়িতে। যখন দুই বছর হেঁটেও লেখা পেলেন না, তখন অন্যভাবে মতলব করে তিনি লেখা আদায় করেছিলেন। সে ব্যাপারে নলিনীকান্ত সরকার নিজেই লিখেছেন, 'আমি কাতরভাবে বললাম, 'দাদা এই সম্পাদকী করে যা মাইনে পাই, তাতে সংসার চলে না, তার জন্যে প্রাইভেট টিউশনি করতে হয়। শুনলাম রামকৃষ্ণপুরে একজনের বাড়িতে একটা টিউশনি খালি আছে। এও শুনেছি, তিনি আপনার খুব পরিচিত। আপনি দয়া করে যদি আমাকে সঙ্গে নিয়ে একটু বলে কয়ে দেন।' দুঃখী-দরদী শরৎচন্দ্র আমার কথা শেষ না করতে দিয়েই বললেন, 'চল এখুনি যাব।' একটি খদ্দরের বেনিয়ান পরে ও একগাছি লাঠি নিয়ে উঠে পড়লেন। আমি একরকম জোর করেই তাঁকে ট্যাক্সিতে তুললাম। ট্যাক্সি চলেছে সবেগে। রামকৃষ্ণপুর পার হয়ে ট্যাক্সি যখন হাওড়া ময়দানে, তখন উনি বলে উঠলেন, 'ওহে রামকৃষ্ণপুর যে ছাড়িয়ে এল।' আমি বললাম, 'চলুন না।' শরৎদা এবার একটু ব্যস্ত হয়ে বললেন, 'কোথায় যাচ্ছ বলতো?' আমি কোন উত্তর দিলাম না। ট্যাক্সি এসে ঢুকলো পটুয়াটোলা লেনে। ট্যাক্সির ভাড়া চুকিয়ে শরৎদাকে নিয়ে সেই বাড়িতে উঠলাম দোতলার একটি কামরায়। তিনি জিজ্ঞাসা করলেন, 'কোথায় আনলে বল তো?' সেই ঘরের মধ্যে তাঁকে একখানি চেয়ারে বসিয়ে, সামনের টেবিলে দুখানি টোস্ট, দুটি ডিম, এক প্যাকেট সিগারেট, এক পেয়ালা চা, একখানি দেশলাই, একখানি রাইটিং প্যাড ও দোয়াত কলম দিয়ে বললাম, 'লেখা হলে নিষ্কৃতি।' বলে দরজা বন্ধ করে বাইরে থেকে তালা লাগিয়ে দিলাম। এইটে আমার মেস। মেস শুদ্ধ লোক শরৎচন্দ্রের বন্দিদশার কাহিনী শুনতে লাগলেন। প্রায় তিন ঘন্টা পরে দরজায় ধাক্কা লাগিয়ে তিনি চিৎকার শুরু করে দিয়েছেন, 'ওহে নলিনী, দরজা খোল, তোমার লেখা হয়েছে।' ঘরে ঢুকে দেখি সত্যিই এক অপূর্ব লেখা হয়েছে। প্রতারিত হওয়ার জন্য রাগ নেই, বন্দী হয়ে থাকার জন্যে

বিরক্তি নেই, বরং স্বভাব-সুলভ হাস্যপরিহাস করতে করতে আমাকে নিয়ে তাঁর শিবপুরের বাড়িতে ফিরে গেলেন।'

বাজেশিবপুরে থাকার সময়েই তাঁর সাথে রবীন্দ্রনাথের প্রথম আলাপ হয়। পরিচয় হয়েছিল জোড়াসাঁকোয় ঠাকুরবাড়িতে বিচিত্রার আসরে। রবীন্দ্রনাথের অনুরোধে তিনি বিচিত্রার আসরে তাঁর 'বিলাসী' গল্পটি পড়েছিলেন। পরে উভয়ের মধ্যে আরও ঘনিষ্টতা হয়েছে। শরৎচন্দ্র একাধিকবার নানা প্রয়োজনে শান্তিনিকেতন ও জোড়াসাঁকোর বাড়িতে গেছেন কবির সাথে দেখা করতে। শেষ বয়সে কলকাতায় বাড়ি করলে সেখানে অনুষ্ঠিত এক সভায় কবি একবার গিয়েছিলেন। কবির সত্তর বছর পূর্তিতে দেশবাসী যখন কলকাতার টাউনহলে তাঁকে অভিনন্দন জানায়, সেই অভিনন্দন সভার বিখ্যাত মানপত্রটি রচনা করেছিলেন শরৎচন্দ্র। মানপত্রটির শিরোনম ছিল "তোমার প্রতি চাহিয়া আমাদের বিস্ময়ের অবধি নাই" কবি নিজেও একবার তাঁকে অভিনন্দন জানিয়েছিলেন। বাজেশিবপুর ছেড়ে যখন তিনি সামতাবেড়ে বাস করতে থাকেন, তখন থেকে সেই অঞ্চলের দরিদ্র লোকেদের অসুখে হোমিওপ্যাথি চিকিৎসা করাটা তাঁর এক কাজ হয়ে দাঁড়ায়। রোগী দেখে তিনি শুধু দাতব্য করতেন না, অনেকের পথ্যও কিনে দিতেন। বাজেশিবপুরে থাকার সময়ও এই কাজটি করতেন। তিনি সামতাবেড়ে অনেক দুঃস্থ পরিবারকে, বিশেষ করে অনাথ বিধবাদের মাসিক অর্থ সাহায্য দিতেন। তবে সেখানে থাকাকালীন তিনি ৩/৪টির বেশী গ্রন্থ রচনা করতে পারেন নি।

১৯৩৪ সালে শরৎচন্দ্র কলকাতার বালিগঞ্জে একটি বাড়ি তৈরি করেন। তখন থেকে তিনি কখনও কলকাতায় এবং কখনও সামতাবেড়েতে দিন কাটাতেন। জীবনের শেষদিকে তাঁর শরীর মোটেই ভাল যাচ্ছিল না। ১৯৩৭ সালের সেপ্টেম্বর মাসে তিনি ভীষণ অসুখে পড়লেন। তাঁর পাকাশয়ের পীড়া দেখা দিল। এই সময় তিনি সামতাবেড়ের বাড়িতে থাকতেন। সেখান থেকে চিকিৎসা করাবার জন্য তিনি কলকাতার বাড়িতে এলেন। কলকাতার ডাক্তাররা এক্সরে করে দেখলেন, তাঁর যকৃতে ক্যান্সার হয়েছে। এ সময় তিনি উইল করে তাঁর যাবতীয় সম্পত্তি স্ত্রী হিরণ্ময়ী দেবীকে দান করেন। হিরণ্ময়ী দেবীর মৃত্যুর পর সেই সম্পত্তির অধিকারী হবেন তাঁর ছোট ভাই প্রকাশচন্দ্রের পুত্ররা। হিরণ্ময়ী দেবী শরৎচন্দ্রের মৃত্যুর পরে ২৩ বছর বেঁচে ছিলেন।



কলকাতার তৎকালীন শ্রেষ্ঠ চিকিৎসকেরা - ডাঃ বিধানচন্দ্র রায়, ডাঃ কুমুদশঙ্কর রায় প্রভৃতি - শরৎচন্দ্রকে দেখে স্থির করেন তাঁর পেটে অপারেশন করা ছাড়া কোন উপায় নেই। শরৎচন্দ্রকে একটি ইউরোপীয়ান নার্সিং হোমে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে তাঁর নেশার বস্তু সিগারেট খেতে না দেওয়ায় তিনি কষ্ট বোধ করেন। নার্সিং হোমে নির্দিষ্ট সময় ছাড়া কাউকেই দেখা করতে দেওয়া হত না। এ ছাড়া ইউরোপীয় নার্সরা এদেশীয় বলে শরৎচন্দ্রের সঙ্গে নাকি ভাল ব্যবহার করত না। এই কারণে দুই দিন পরে, সেখান থেকে চলে এসে তিনি তাঁর আত্মীয় ডাঃ সুশীল চ্যাটার্জীর 'পার্ক নার্সিং হোমে' ভর্তি হন। সেই সময়কার বিখ্যাত সার্জন ললিতমোহন ব্যানার্জী তাঁর অস্ত্রোপচার করেন। কিন্তু তাতেও তাঁকে বাঁচানো সম্ভব হয়নি। অস্ত্রোপচারের চার দিন পরে তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর চার মাস। রবীন্দ্রনাথ তাঁর মৃত্যুসংবাদ শুনে ইউনাইটেড প্রেসের প্রতিনিধিকে বলেন, 'যিনি বাঙালীর জীবনের আনন্দ ও বেদনাকে একান্ত সহানুভুতির দ্বারা চিত্রিত করেছেন, আধুনিক কালের সেই প্রিয়তম লেখকের মহাপ্রয়াণে আমিও দেশবাসীর সঙ্গে গভীর মর্মবেদনা অনুভব করছি।' এর কয়েকদিন পর তাঁর মৃত্যুতে কবি লেখেন –

যাহার অমর স্থান প্রেমের আসনে
ক্ষতি তার ক্ষতি নয় মৃত্যুর শাসনে।
দেশের মাটির থেকে নিল যারে হরি
দেশের হৃদয় তারে রাখিয়াছে বরি।

---

১৮০০ সাল থেকে শুরু করে আজ পর্যন্ত সময়কালকে বাংলা সাহিত্যের আধুনিক যুগ বলা হয়। এই আধুনিক যুগে বাংলা সাহিত্যে যাঁরা পদচারনা করেছেন এবং তাদের মধ্যে লেখার মাধ্যামে যাঁরা প্রতিবাদ করেছেন, তাঁদের মধ্যে যাকে প্রথম বিদ্রোহী কবি বলা যেতে পারে, তিনি হচ্ছেন মাইকেল মধুসূদন দত্ত। এর পরে রবীন্দ্রনাথ থেকে শুরু করে প্রায় সমস্ত কবির কবিতাতেই প্রতিবাদের সুর শুনতে পাই। বাংলা সাহিত্যে যিনি সব থেকে বেশী প্রতিবাদ করেছেন, তিনি হচ্ছেন কাজী নজরুল ইসলাম। তাই তাঁকে আমরা বিদ্রোহী কবি বলে অভিহিত করি।

এবার আমি এমন একজন কবির নাম উল্লেখ করব যিনি মাত্র ২১ বছর জীবিত ছিলেন এবং বাংলা সাহিত্যের অঙ্গনে মাত্র ১০/১২ বছর পদচারনা করেছেন। তিনি হলেন বাংলা সাহিত্যের কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য। তরুন বিদ্রোহী কবি/খেটে খাওয়া মানুষের কবি সুকান্ত ভট্টাচার্য। সুকান্ত ভট্টাচার্যের জন্ম কলকাতায় ১৯২৬ সালের ১৫ই আগস্ট। তিনি তার মামার বাড়ী কালীঘাটের ৪৩, মহিম হালদার স্ট্রীটে জন্মগ্রহণ করেন। কবি সুকান্ত ভট্টাচার্যের আদি নিবাস ছিল বাংলাদেশের গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায়। সুকান্তের পিতার নাম নিবারন ভট্টাচার্য ও মাতার নাম সুনীতি দেবী। সুকান্ত ভট্টাচার্য ছিলেন একজন দরিদ্র পরিবারের ছেলে, তাই অনেক কষ্টের মধ্য দিয়ে তিনি বড় হয়েছেন। সুকান্তের পিতা ছিলেন একটা লাইব্রেরীর স্বত্বাধিকারী। এখান থেকে যা আয় হত তা দিয়েই চলত তাদের সংসার। সুকান্ত গরীব ঘরের ছেলে হলেও তার মনটা ছিল অনেক বড়। সমাজের অসহায় ও নিপীড়িত মানুষদের জন্য তিনি ছিলেন সুপরিচিত একজন ব্যক্তিত্ব। বাল্যকাল থেকেই কবিতা লেখালেখিতে অসম্ভব টান ছিল সুকান্তের। প্রাথমিক বিদ্যালয়ে পড়ার সময় তার লেখা কবিতা স্কুলের হাতে লেখা পত্রিকায় প্রকাশিত হত।

খুব বেশি শিক্ষা লাভের সুযোগ পাননি সুকান্ত ভট্টাচার্য। তবে বিদ্যালয়ের শিক্ষা ছাড়াও যে জীবনে অনেক বড় কবি হওয়া যায়, সুকান্ত ভট্টাচার্য তার বড় উদাহরণ।

খুব ছোট বয়সে তাঁর মা কে হারিয়েছেন। সুকান্তের বাল্য বন্ধু অরূনাচল বসুর মা কবি সরলা বসু সুকান্তকে পুত্র স্নেহে লালন পালন করেন। তাঁর কাছ থেকেই সুকান্ত মাতৃ-স্নেহ পেয়েছিলেন। বেলেঘাটা কমলা বিদ্যা মন্দিরে তিনি পড়াশুনা শুর করেছিলেন। ক্লাস ফোর-এ পড়ার সময় তিনি "সঞ্চয়" নামে একটি হাসির গল্প লিখে প্রথম বার বাংলা সাহিত্যে আত্মপ্রকাশ করেন। এরপর বিজন বন্দ্যোপাধ্যায়ের সম্পাদিত পত্রিকা "শিখা" পত্রিকায় ছাপা হয় তাঁর প্রথম লেখা "বিবেকানন্দের জীবনী"।

তাঁর জীবন দীর্ঘ ছিল না। জীবনের সূচনা পর্বেই চিরতরে ঝরে গিয়েছিল তাঁর জীবন। কিন্তু তিনি রেখে গিয়েছিলেন কবিতার বিদ্যুৎ শক্তিতে ভরপুর অনন্য এক কাব্য সম্ভার, অসাধারন এক বিপ্লবী সত্ত্বা।

আট-নয় বছর বয়স থেকেই সুকান্ত লিখতে শুরু করেন। স্কুলের হাতে লেখা পত্রিকা সঞ্চয়-এ একটি হাসির গল্প লিখে তিনি আত্মপ্রকাশ করেন। মাত্র এগারো বছর বয়সে তিনি "রাখাল ছেলে" নামে একটি গীতি নাট্য রচনা করেন। সপ্তম শ্রেনীতে পড়ার সময় তাঁর বাল্য বন্ধু অরুনাচল বসুর সাথে মিলে আর একটি হাতে লেখা পত্রিকা প্রকাশ করেন। বড় হয়ে সুকান্ত ভট্টাচার্য যে একজন বড় মাপের সাহিত্যিক হবেন সেটা প্রমাণিত হয়েছিল তার স্কুল জীবনেই। প্রাথমিক বিদ্যালয়ে পড়া অবস্থাতেই সুকান্তের লেখা বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হত।

তবে সুকান্ত শুধু কবিতা লেখাতেই নিজেকে সীমাবদ্ধ রাখেননি। সুকান্ত একজন ভাল মানের নাট্য অভিনেতাও ছিলেন। কবিতা ছাড়াও তিনি গান, গল্প এবং প্রবন্ধ লিখে নিজের দক্ষতার সাক্ষ্য রেখে গেছেন।



সুকান্তকে বলা হয় গণমানুষের কবি। অসহায় নিপীড়িত সর্বহারা মানুষের সুখ দুঃখ তাঁর কবিতার প্রধান বিষয়। অবহেলিত মানুষের অধিকার আদায়-এর স্বার্থে, মহাজনের অত্যাচারের বিরুদ্ধে তিনিও ছিলেন নজরুলের মত সক্রিয়। তাঁর কবিতার মূল বিষয় – অনাচার ও বৈষম্যের প্রতিবাদ, ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রূটি।
নিপীড়িত মানুষের মুক্তির জন্য তাঁর লেখাগুলো বাঙালী পাঠক সমাজ সারা জীবন মনে রাখবে। সুকান্ত তাঁর সাহিত্যকর্মের মাধ্যমে যাবতীয় শোষণ-বঞ্চনার প্রতিবাদ করেছেন সুনিপুণভাবে। তার মধ্যে কবি কাজী নজরুলের মত বিদ্রোহী মনোভাব খুঁজে পেয়েছেন পাঠক সমাজ। কারণ তিনিও তার অনেক কবিতায় ব্রিটিশ শোষণের বিরুদ্ধে সোচ্চার ছিলেন। সোচ্চার ছিলেন অন্যায়, অবিচার, শোষণ-বঞ্চনা, ফ্যাসিবাদী আগ্রাসন ও সাম্প্রদায়িক দাঙ্গার বিরুদ্ধে। তরুন সমাজকে সামনে এগিয়ে নেয়ার জন্য তার রচিত লেখনিগুলো আজও তরুন সমাজকে সমানভাবে সাহস ও উদ্দীপনা দিয়ে যাচ্ছে। কবি সুকান্তের উল্লেখযোগ্য সাহিত্যকর্মগুলো হল — ছাড়পত্র, পূর্বাভাস, হরতাল, অভিযান, গীতিগুচ্ছ, মিঠেকড়া, ঘুম নেই ইত্যাদি।

সাহিত্য জগতের এই উজ্জ্বল নক্ষত্র ১৯৪৭ সালের ১৩ই মে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে কলকাতায় মাত্র ২১ বছর বয়সে তার অসংখ্য পাঠক ও ভক্তবৃন্দকে কাঁদিয়ে পরলোক গমন করেন।



# The 10 Weapons of Ma Durga: Ancient Symbols, Modern Lessons for Mental Health

By Sunaina Roy Vaz

A couple of years ago, I wrote about the five skills for mental wellbeing epitomised by Ma Durga. This year, in true last-minute fashion (and because being a psychologist automatically meant I was encouraged to write about mental health), I found myself reflecting on something I'd always noticed as a child: Ma Durga's impressive arsenal.

We all know she arrives on her lion, with her children by her side, triumphing over Mahishasura. But look closer, each of her ten weapons tell a story, and is more than just a tool of destruction. Each one was gifted to her by a god (as noted in brackets), carrying with it not just divine power but also deep symbolism. These ancient symbols are reminders for our own battles with stress, anxiety, and life's daily demons. What follows is how I interpret each piece of her armour through a mental health lens.

- **Trident (Shiva) -** Balance. Body (physical), mind (psychological), and soul (spiritual) must work in harmony. Neglect one, and the others falter. The trident represents the crucial triangle on which our wellbeing rests.
- **Conch (Varuna) -** Communication and Self-Advocacy. Speak your truth and use your voice. Bottling up never helps; expression is often the first step toward healing.
- **Bow & Arrow (Vayu & Surya) -** Focus and Clarity. Pick your battles wisely and aim with precision. Not every problem deserves your energy, but the right ones do.
- **Thunderbolt (Indra) -** Resilience. Sometimes life requires sheer force of will and determination to break through the clouds. Like lightning, resilience can strike powerfully in dark moments.
- **Sword (Kala) -** Boundaries. A reminder that we can cut through negativity, toxic relationships, or intrusive thoughts when needed. Boundaries are our protective shield.
- **Lotus (Brahma) -** Growth. Even in mud, beauty and calm can bloom. The lotus shows us that hardship can be fertile ground for transformation.
- **Chakra (Vishnu) -** Perspective. Life moves in cycles; nothing lasts forever, not even suffering. The chakra reminds us that change is the only constant.
- **Mace (Hanuman) -** Strength and Courage. True strength isn't only physical. Mental courage and emotional stamina are the superpowers that help us withstand crisis.
- **Snake (Shiva) -** Awareness and Transformation. The snake reminds us that growth begins when we face what frightens us instead of avoiding it. With regards to mental health, confronting our fears, unhelpful patterns, or hidden emotions can feel uncomfortable at first, but it is this very process that transforms pain into wisdom, and struggle into renewal.
- **Spear (Agnidev) -** Determination and Discernment. The spear pierces through confusion, giving us the ability to distinguish right from wrong, truth from illusion. It embodies the courage to act with integrity and conviction.

Each weapon teaches us a skill: balance, resilience, boundaries, growth, perspective, strength, awareness and determination…according to me, all timeless lessons for mental wellbeing.

So perhaps Durga Puja isn't just about worship. It's also a reminder that within us lies the same armoury to fight our own Mahishasuras, whether they appear as burnout, self-doubt, or everyday chaos. Maa Durga doesn't just conquer evil, she hands us the weapons to do the same. Wishing you a joyful and enlightening Durga Puja - may this season bring you strength, clarity, and peace.

# Raktima - Celebrating Womanhood

A journey of heritage, elegance & empowerment

By Sudeshna Giri and Shaoni Ray

In the vibrant world of fashion, some stories truly shimmer with passion and serendipity. This is undoubtedly the case for Raktima, an ethnic boutique that beautifully weaves traditional elegance with contemporary flair. Conceived long ago in the shared dreams of two friends, Sudeshna and Shaoni, Raktima officially bloomed in 2023, marking the beginning of an exciting journey. This is our story - a journey of heart and heritage, from inception to the present day. What began as a modest vision to bring the richness of Indian tradition closer to people has today blossomed into a brand that celebrates artistry, womanhood, and timeless elegance.

Hailing from the "City of Joy," Kolkata, we discovered a shared aspiration across continents; to create a platform that celebrates womanhood through exquisite jewellery, clothing and artefacts. From our heartfelt beginnings, fueled purely by passion, Raktima has gracefully expanded its footprint from Auckland to Kuala Lumpur, proving that true friendship and a shared vision can indeed create something magnificent. In a world increasingly leaning towards mass production and fleeting trends, we longed to create a space where authenticity, culture, and creativity could thrive.

Our beginnings were humble. With a small collection of handcrafted jewellery, the boutique opened its doors as a sanctuary for tradition. Every piece was chosen with care, carrying with it the essence of the artisan's hand, the vibrancy of heritage, and the promise of elegance

Like any new endeavor, the early days were not without challenges. There were moments of doubt, struggles with resources, and the constant balancing act between dreams and reality. Yet, it was the unwavering belief in the power of Indian craftsmanship, coupled with the encouragement from our very first patrons, that gave us the strength to continue.

As time went on, Raktima began to carve its own identity. Word of mouth brought in new patrons, many of whom found in our collection not just clothing, but a piece of culture and self-expression. Every item from our collection became a bridge between the past and the present—a way for people to carry tradition into their modern lives.

Today, Raktima – Celebrating Womanhood stands as more than just a shopping destination. It is a celebration of womanhood, tradition, and creativity. Every collection we curate is an ode to the diversity of Indian culture—be it sarees from every corner of the country, handcrafted jewellery, or accessories that tell their own stories.

What makes Raktima unique is not simply what we sell, but what we stand for. We believe in sustainability, in honouring artisans, and in offering our patrons pieces that hold meaning. In an age where fast fashion dominates, we take pride in being a boutique that respects time-honoured processes and slow, mindful creation.

The love and trust of our patrons fuel our journey. Every compliment, every returning visitor, and every story shared by those who wear our creations reminds us why we began in the first place. We are humbled and grateful to see Raktima evolve into a name that people associate with authenticity, artistry, and timeless beauty.

While we take pride in how far we have come, we know our journey is far from complete. The future holds new dreams, bigger aspirations, and an even deeper commitment to our purpose.

Our vision is clear - to empower artisans from across India and showcasing our heritage to the world. By connecting traditional craftsmanship with a global audience, we hope to ensure that the stories, skills, and artistry of our weavers and creators continue to live on.



Our story would be incomplete without the people who have walked alongside us. To the artisans who dedicate their lives to preserving crafts, to the patrons who have supported us with loyalty and love, and to every individual who believed in our dream - we owe our journey to you. Raktima is not just a destination; it is a journey - and we are honoured to have you walk alongside us.

**Please visit us at** https://www.facebook.com/ssraktima

**Connect us with**
@ssraktimaakl @ssraktima_kl @s_bag_giri @shaoniray

Raktima
Celebrating Womanhood

# Finding Home on Stage

By Tanushree Chatterjee

The stage lights felt like a familiar embrace, a warm spotlight cutting through the darkness. For a moment, my heart pounded a rhythm I hadn't felt in years, a pulse of anticipation and joy that was both a performance and a homecoming. This was Auckland, but on that stage, I was back in the familiar, vibrant world of my stage experience, ready to perform in the play Mouchak.

Joining the Probasee Bengali Association Annual Theatre was more than just signing up for a play, it was a journey into a culture I belong to but was geographically distant from. As the protagonist's sarcastic yet supportive sister-in-law “Saraswati”, my role was a delightful challenge—rhetorical, funny, and full of life. But the journey to embodying her was a difficult one. As a bengali not from Kolkata, mastering the subtle nuances of pronunciation felt like scaling a steep hill.

That’s where my Baba stepped in. Across continents, we spent hours on video calls as he patiently coached me through each word and inflection. His voice became my compass, helping me navigate the linguistic terrain with love and precision. Those sessions weren’t just rehearsals—they were moments of connection, of shared laughter and learning, and of rediscovering the bond between father and daughter.

And here in Auckland, Amit Uncle and our director Sandy were a quiet, steady support, helping me polish my delivery and embrace the character with confidence.

I spent countless late nights rehearsing, untangling the rhythm of each line like a puzzle, all while juggling work, home, and precious moments with my husband and son.

The production was a testament to the team's relentless effort and the director's vision. Every actor, every crew member, gave their all, creating a performance that was seamless and spectacular. But the most unforgettable moment came from the audience. As I stepped onto the stage, I saw my son, Kiaan, in the crowd, his face lit up with a proud smile as he cheered for me. In that instant, all the hard work, the late nights, and the self-doubt melted away. His reaction was a standing ovation all its own for me.

Mouchak was more than just a play. It was a bridge to my ancestral roots, a celebration of a vibrant community, and a powerful reminder that you can find a sense of belonging anywhere in the world. It was a chance to immerse myself in the richness of my heritage, continents away from home, and to discover a part of myself I hadn't realized was missing. On that stage, under the glow of those lights, I didn't just find my character's voice - I found my own.












# Probasee Events 2025

# A Stage in Toronto

by Aditi Chatterjee

From distant lands, we found our way,
To Toronto's lights, where dreams hold sway.
A city vast, with skies so wide,
We danced with hope, with hearts as our guide.

From quiet rooms to spotlight's blaze,
We rose to sing, to earn our praise.
The crowd, it cheered, the lights burned bright,
And in that moment — purest flight.

But none of this would be our tale,
Without the one who helped us sail.
Hats off to you, our guiding star,
For bringing us exactly this far.

A stage, a dream, a global name —
You lit the torch, we fed the flame.
Forever grateful, voices true,
This dream lives on — because of you.

# I Wish We Had a Bit More Time

By Swayam Sarkar

The first word I ever learned,
The first to inspire, a love so earned.

I wish we had a bit more time,
To sit, to talk, to make life rhyme.
To share the pain you kept inside,
That left with you to the other side.

I wish you had a bit more time,
To watch us grow, to see us shine.
I wonder how you felt, those lonely days,
Far from your children's gaze.

I wish we had a bit more time,
To learn from you, to cross that line.
To hear of parenting, its joys, its scars,
To know how you healed from those battle marks.

I wish we had just a little more time,
To guard you close, to say, "You're mine."
To tell, "Baba I love you," one last time,
Before you crossed the boundary of time.

# যুদ্ধ মানেই পরাজয়

By Soham Sarkar

রক্তরাঙা প্রভাত ভেঙে যায়,
শিশুর কান্না মিলিয়ে যায় কামানের শব্দে,
মায়ের বুকে দুধ শুকিয়ে যায়।
ক্ষুধার দেশে ঝলসে ওঠে যুদ্ধের নিশান।
ঘরে ঘরে আগুন,
পুকুরে ছাইয়ের ছাপ,
ফাঁকা হাঁড়িতে শূন্যতার গর্জন।
মানুষ মানুষকে হারায়,
অমানুষেরা তোলে জয়ধ্বনি।
শিশুর আঁকিবুঁকি খাতায়
এখন শুধু বারুদ আর রক্তের দাগ,
খেলার মাঠে লাশের সারি,
ঘুড়ির বদলে ওড়ে ধোঁয়া।

শরতের আলোয় জাগে দেবীর পথচলা,
হাতে ত্রিশূল, অসুর বিনাশের প্রতিশ্রুতি।
কিন্তু এ যুদ্ধের মাঠে
কোনো অসুর নয়,
মানুষই হত্যা করে মানুষকে।
শরতের বাতাসে কাশফুল দোলে,
দূরে শোনা যায় আগমনী গান।
কিন্তু, সেই গান পৌঁছায় না
সন্তানহারা মায়ের কানে।
শঙ্খের ধ্বনি মিশে যায় বিস্ফোরণের শব্দে,
ধূপের গন্ধ হারিয়ে যায় বারুদের ধোঁয়ায়।
সিঁদুর খেলায় লাল হয় না কারও গাল,
রক্তে লাল হয় ধুলো।
অন্যত্র যখন শিশুদের মনে
নতুন কাপড়ের আনন্দ,
যুদ্ধের এ শহরে
কবরের কাপড়ই তাদের পুজোর পোশাক।
শান্তির প্রতিমা আর গড়ে ওঠে না,
শুধু গড়ে ওঠে নতুন কবরফলক।
ভালোবাসার গান থেমে যায়
বোমার গর্জনে, আগুনের তাণ্ডবে।

তবুও চলতে থাকে রক্তের মিছিল,
চলতে থাকে ক্ষমতার খেলা।
শেষ হয় না হাহাকার,
শেষ হয় না মৃত্যুর মেলা।
দুই পক্ষের যুদ্ধে
কেবল তৃতীয় পক্ষের স্বার্থসিদ্ধি হয়।
যুদ্ধে কোনোদিন কেউ জেতেনি,
যুদ্ধ মানেই সবার পরাজয়।

# প্রবাসে পুজো

**আশিস সান্যাল**

শিউলি ঝরা সকালবেলা
শিশির ভেজা ঘাস,
মিষ্টি মিষ্টি বইছে হাওয়া।
এলো আশ্বিন মাস।
চারিদিকে পুজো পুজো,
খুশি মাতোয়ারা।
আমার চোখে এলো জল।
আমি যে এবার ঘরছাড়া।

বীরেন ভদ্রের চণ্ডীপাঠ
মহালয়ার ভোরে;
আকাশ বাতাস পুলকিত
আগমনীর সুরে।
মা আসছে তাইতো আজ
মন পাগল-পারা।
আমার চোখে এলো জল।
আমি যে এবার ঘরছাড়া।

ষষ্ঠীর সন্ধ্যাবেলায়
মাকে বোধন দিয়ে
সপ্তমীতে গঙ্গাস্নান
কলা বউকে নিয়ে।
অষ্টমীতে ঠাকুর দেখা
প্যাণ্ডালে অ্যাঙ্কারিং করা
আর হলো না মাগো,
আমি যে ঘরছাড়া।

নবমীতে বিদায় বেলায়
মায়ের চোখে জল,
দশমীতে সিঁদুর খেলা
বিসর্জনে চল।
চারিদিকে পুজোর আনন্দ
হৃদয় মাঝে দাগ কাটে না।
আমি যে তোমায় ছেড়ে

অনেক দূরে ঘরছাড়া।
এবার আমি প্রবাসী
মেয়ে-জামাইদের সাথে।
অনেক দূরে নিউজিল্যান্ডে
নতুন দেশেতে।
দাদা, দাদী, কাকা, কাকি,
ভাই, বোন, ছোট, বড়োকে
প্রণাম দিয়ে, আদর দিয়ে
করি অনুরোধ –
এভাবেই চলে যেন
প্রবাসী বাঙালীদের যোগাযোগ।

# Waiting for Durga

By Sananda Chatterjee

the absolute supremacy of morons that we are

surrounding a clay idol, thinking our sins will wash away this time if we squeeze our eyes hard enough and murmur some words we don't really understand into the ether because the goddess is all powerful

the goddess listens to those who are devoted to her to those who repeat words from books that common people cannot even read

words whose meaning is lost to the পুরাতন pages chanted and re-chanted by sages and sadhus and rishi, munis, and amader purohit moshai as they lose all their magic

and meaning

avert your greedy eyes, the devi will not come.

the devi is not where you seek, she abandoned you when you

abandoned those made in her image.

the devi will not be a part of your rebranding exercise,

the devi doesnt care about the 24/7 news cycle yelling names,

this performative rage and fist shaking and bannerising of propaganda.

the devi sees through your agenda.

she tells you to look inward, she tells you mahishasura is one of your family members,

she tells you to protect your daughters.

you don't listen, you never listen.

you are too busy telling her to subdue her anger, to lock it up and play nice.

the demon stays. the devi tells you not to touch her with your grubby hands with generations of hatred on it

generations of sweeping abuse under the rug

generations of "girls should be seen and not heard" so girls never know when to speak up,

or how to slay the demons.

you don’t listen, you never listen.

the devi dies on the inside, the devi dies on the outside.

the devi withers away

The Devi,

is not attending this year.

she is already gone, dead, desecrated.

she desperately called out for your attention, for your compassion,

but your inaction rendered you incapable of receiving her blessings

you used her as a mudslinging competition,

for a march for a day off for some yelling in the street or a square.

when you turned your back on her she

abandoned your silly clay idols.

she is done playing your games, she is done giving to those who will not change.

you may as well start

worshipping YouTube channels,

and murmur those mantras and tantras and spells under your breath

to the flavour of yelling of the day because

মা আর আসবেন না,

no matter how much you have been

Waiting for Durga

# SHE

By Priyam Roy

In a world of choices, she stands alone,
A girl whose heart, a maze all its own.
Betwixt the love that binds her chummy and true,
And a yearning for a love that has bloomed.
Two worlds collide, and she can't control.
One usher to family, whose bonds she can't purge.
The other to a partner, so sweet and kind,
A love that stirs the passions of her mind.
In her heart, another storm of thoughts collides,
Confusion reigns as love and duty bide.
She yearns to stay with those who raised her high,
Yet fears a cage that might her dreams belie.
The zeal of home, a haven she adores,
Yet dreams of love, on distant, unknown shores.
In the labyrinth of choices, she's caught,
Balancing her desires, as her heart is sought.
Her soul is torn, like petals from a rose,
She wonders if her choice, the right one chosen.
But in this struggle, she finds strength anew,
A fire within, an ember that's still true.
For love need not be bound by walls or doors,
She can find her way, both within and outdoors.
She needn't choose, for love can coexist,
In family's embrace and love, she can't resist.
She'll find a balance, where her heart is free,
To be the girl she's meant to be, entirely.
She'll bridge the worlds, embrace the chance,
To dance a life's intricate dance,
A pretty girl no longer, but a confident woman true,
Balancing love, family, and dreams anew.
With love in her heart and choices now in sight,
She'll navigate the day and embrace the night.
For she's not caged, but soaring, wild and free,
She's found her place, where love and family meet.

# NABC-তে হঠাৎ দেখা,

By Arnab Chatterjee

(রবীন্দ্রনাথ ঠাকুরের "হঠাৎ দেখা" কবিতা অবলম্বনে )

NABC-তে হঠাৎ দেখা,

ভাবিনি সম্ভব হবে কোনোদিন।

আগে ওকে বারবার দেখেছি সাদা পাঞ্জাবীতে।

আজ পরেছে t-shirt আর trouser।

লক্ষ্মী প্যাঁচার মতো মুখখানি করে

আমায় বললে “LATER”।

# শারদীয়া

শর্বরী কুন্ডু

শরৎ আসে শুভ্র হাসি হেসে –
শিউলি আর কাশ ফুলে শরতের অভিষেক হয়,
বড্ড মন কেমন করে,
প্রিয়জনের স্পর্শ অনুভব করি।

ভোরের জানলা খুলে দেখি –
ছেলেবেলা সামনে দাঁড়িয়ে হাতছানি দিয়ে ডাকছে।
আকাশের হালকা সাদা মেঘের অনাগোনা,
মেঘের ফাঁকে সূর্যের আলো এসে চারিদিক
ঝিকিমিকি করে বলে “মা আসছেন”।

পাশের বাড়ির ছোট্ট মেয়েটি
আদুল গায়ে পুকুর পাড়ে এসে বসে।
সে জানেই না কখন শরৎ আসে।
যেদিন তার মা বাবুর বাড়ির পাওনা থেকে
একটা সাধারণ জামা নিয়ে আসে,
তখন সে বোঝে পুজো এসে গেছে।
আনন্দে ক্লিষ্ট মুখে হাসি ফুটে ওঠে –
ক্ষিপ্র হস্তে জামাটা গায়ে পরে,
ছুটে চলে যায় পুকুর পাড়ে।
পুকুরের স্থির জলে সে দেখে তার প্রতিবিম্ব।
হঠাৎ তার চোখ থেকে এক ফোঁটা জল পড়ে,
পুকুরের জল ছোট্ট ছোট্ট ঢেউয়ে –
ভাঙতে ভাঙতে দূর থেকে দূরে চলে যায়।

# মেঘের খেলা

শর্মিষ্ঠা রায়

সকাল থেকে হয়েছে শুরু মেঘ রোদেদের খেলা।
কখনও কালো, কখনও আলো চলেছে সারা বেলা।
রাস্তাঘাটে লোক চলে না,
গাড়িতে আজ পথ চলেনা।
জল জমেছে কানায় কানায়,
ঝড়ের আওয়াজ, যেন বাজছে সানাই।
তবুও ভীড় শপিং মলে,
আর খাবারের স্টলে স্টলে।
বার্গার আর গরম চিকেন। মানুষ দলে দলে।
খাচ্ছে আর কিনছে তত,
ক্ষমতা যার আছে যত।
একটাই তো জীবন সবার,
বাঁচো নিজের মতো।

With Best Compliments
from

BETTER LOANS GROUP
FINANCIAL SERVICES
www.BETTER LOANS GROUP.com

## Arpita Sanyal





## Utpal Kundu







## Pankaj Bhakta



Solitude



Natures painting



Canvas of Dawn



Golden hour at Kiwi Esplanade


*With Best Compliments from*

ANZPHARMA

IMAGINE | BELIEVE | ACHIEVE

**Santanu Roy** | **Srijan Bag**





Life - Grab your dreams

Mobile- 0211309551

Shaheen's QuiZine

landline- 092004354

204 Richardson road,
Auckland 1041,
house of authentic food


With Best Complements from
50 Queens Road,
Panmure, Auckland 1072
Ph: 09 5271633
Please like our Facebook
SL
SPICE LAND

PRINTER AD

URJA EST 2001



# Happy Durga Puja



Wishing you and your family a joyous Durga Puja. May Maa Durga bless your life with peace, prosperity, and happiness.




Over 25 varieties of authentic Indian snacks, flatbreads and meals to choose from. Available in a supermarket near you

AB International Ltd

AB International Ltd
P: (09) 256 1400
E: sales@abinternational.co.nz

Serving the community since 2001

Bringing together a world of Goodness

SCAN ME
to find our more

Urja, Bikano, MTR, Shan, Mida's, Jabsons, MEU, Eastern, Cornitos, Frooti, Mavana, Priya Gold, Vasu Healthcare